গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
College Code : 1400, EIIN NO : 108155

তারিখ: ০২/১১/২০২৩

# অনার্স ২য় বর্ষ পরীক্ষা-২০২২ ফরম পূরণের বিজ্ঞপ্তি

অনার্স ২য় বর্ষ ২০২২ পরীক্ষার নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণ ০২/১১/২০২৩ তারিখ হতে ১২/১১/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন হবে। ফরম পূরণের আবেদন ফরম ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (7 College.du.ac.bd) Form Fill-up ক্লিক করে শিক্ষার্থীর রেজিষ্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনানুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। ফরম পূরণের টাকা পরিশোধের জন্য **https://sbl.com.bd:7070/SevenCollege/Payment/** লিংকে প্রবেশ করে **Form Fill-up Fee** অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদানপূর্বক ফি পরিশোধ করে **Payment Slip** ও অন্যান্য কাগজপত্র স্ব-স্ব বিভাগে জমা জমা দিতে হবে।

| ক্রমিক নং | বিষয় | টাকা |
|---|---|---|
| ০১ | বাংলা, ইতিহাস ও দর্শন | ৩,৬০৫/- |
| ০২ | ইংরেজি | ৩,৩৩০/- |
| ০৩ | ইসলামের ইতিহাস, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ৩,৯০৫/- |
| ০৪ | অর্থনীতি, সমাজবিজ্ঞান ও ইসলামি শিক্ষা | ৩,৬৩০/- |
| ০৫ | রাষ্ট্রবিজ্ঞান | ৪,২০৫/- |
| ০৬ | সমাজকর্ম | ৩,৯৩০/- |
| ০৭ | গণিত | ৪,৫২৫/- |
| ০৮ | পদার্থবিজ্ঞান | ৪,৫২৫/- |
| ০৯ | রসায়ন | ৪,৩২৫/- |
| ১০ | উদ্ভিদবিজ্ঞান | ৪,৪২৫/- |
| ১১ | প্রাণিবিজ্ঞান | ৪,১২৫/- |
| ১২ | মনোবিজ্ঞান | ৪,০৭৫/- |
| ১৩ | ভূগোল ও পরিবেশ | ৪,৮৭৫/- |
| ১৪ | গার্হস্থ্য অর্থনীতি | ৪,২৭৫/- |
| | মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য | |
| ০১ | ০১ বিষয় | ২,২৩০/- |
| ০২ | ০২ বিষয় | ২,৫৩০/- |
| ০৩ | ০৩ বিষয় | ২,৮৩০/- |
| ০৪ | ০৪ বিষয় | ৩,১৩০/- |

* নোটিশে উল্লিখিত ফি পরিশোধের ক্ষেত্রে কোনো প্রকার সমস্যা হলে কলেজ অফিসের ১১৪ নং কক্ষে যোগাযোগ করতে হবে।

* মাঠকর্ম, থিসিস, টার্মপেপার এবং অ্যাসাইনমেন্ট যদি থাকে নির্ধারিত ফি স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

* নন-কলেজিয়েট শিক্ষার্থীদের আলাদা রশিদের মাধ্যমে অতিরিক্ত ১৫০০/- স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

* নির্ধারিত সময়: ০২/১১/২০২৩ তারিখ হতে ১২/১১/২০২৩ তারিখের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের কোনো সুযোগ থাকবে না।

০২/১১/২৩

চলমান পাতা-০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
**College Code : 1400, EIIN NO : 108155**



০১. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

***** নিয়মিত পরীক্ষার্থীদের জন্য *****

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত শিক্ষার্থীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২১ সনের ১ম বর্ষ সম্মান পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীরা ২য় বর্ষ সম্মান ২০২২ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। শিক্ষার্থীদের ক্লাসে কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি ৬০%-৭৪% এর মধ্যে আছে সেই সকল শিক্ষার্থীকে "নন-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং "নন-কলেজিয়েট" ফি প্রদান করতে হবে। যে সকল শিক্ষার্থী ক্লাসে উপস্থিতি ৬০% এর কম আছে সেই সকল শিক্ষার্থীকে "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে। "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

*****অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য *****

২০১৮-২০১৯, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যেসকল শিক্ষার্থী ১ম বর্ষ সম্মান ২০১৯, ২০২০ সনের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০২০, ২০২১ সনের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০২২ সনের ২য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়াও ২০২১ সনের ২য় বর্ষ পরীক্ষার প্রকাশিত ফলাফলে যেসব শিক্ষার্থী **অকৃতকার্য/অনুত্তীর্ণ/অনুপস্থিত** হয়েছে তারা একই সাথে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে ফরমপূরণের সুযোগ পাবে এবং **অকৃতকার্য/অনুত্তীর্ণ/অনুপস্থিত** শিক্ষার্থীদের অনিয়মিত হিসেবে সকল বিষয়ে অংশগ্রহণ করতে হবে।

***** মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য *****

**২০২১ সনের ২য় বর্ষ সম্মান পরীক্ষায় নিয়মিত ও অনিয়মিত হিসাবে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীরা ২য় বর্ষ সম্মান ২০২২ পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়াও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের কোন নিয়মিত শিক্ষার্থী যদি ২০২১ সনের ২য় বর্ষ পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ না করে থাকে তাহলে উক্ত শিক্ষার্থী আলোচ্য পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের কোন শিক্ষার্থী যদি ২০২১ সনের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে থাকে তাহলে ২০২২ সনের ২য় বর্ষে ফরমপূরণের আর কোন সুযোগ নাই তবে এখানে উল্লেখ্য যে, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের কোন শিক্ষার্থীর যদি ২য় বর্ষে "F" গ্রেড থাকে তাহলে তারা শুধুমাত্র "F" গ্রেড প্রাপ্ত কোর্সে ফরমপূরণ করতে পারবে। এখানে আরো উল্লেখ্য যে, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য "F" গ্রেড কে গ্রহণযোগ্য গ্রেডে উন্নীত করার পরবর্তীতে আর কোন সুযোগ থাকবে না।**

- ✓ কলা অনুষদের ক্ষেত্রে (D থেকে B-) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ সামাজিক বিজ্ঞান অনুষদের ক্ষেত্রে (D থেকে B) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ বিজ্ঞান অনুষদের ক্ষেত্রে (D থেকে C+) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ ব্যবসায় শিক্ষা অনুষদের ক্ষেত্রে (D থেকে A-) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

**অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ (এন্ট্রি ফরম) দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে (এন্ট্রি ফরম) পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

খ) প্রিন্টকৃত ফরমে শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **০৯/১১/২০২৩** তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ (সকল ফলাফলের অনলাইন কপি) ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

**ফরমের সাথে যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবেঃ**

০১. পরীক্ষার্থীদের অনার্স ২য় বর্ষের ভর্তি রশিদের ফটো কপি।
০২. পরীক্ষায় অংশগ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পূরণকৃত ফরম ফিলাপের ফরম।
০৩. টাকা পরিশোধের রশিদ।

**বিঃদ্রঃ শিক্ষার্থীরা রশিদ এবং পরীক্ষার এন্ট্রি ফরম বিভাগে জমা না দিয়ে বাসায় নিয়ে গেলে তার পরীক্ষার ফরম পূরণ বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীদের ফরম পূরণের তথ্য সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে ভেরিফাই করতে হবে।**

০২/১১/২৩
(প্রফেসর সাবিকুন নাহার)
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।

বিতরণ:
০১. কলেজ নোটিশ বোর্ড
০২. বিভাগীয় প্রধান
০৩. সংরক্ষণ নথি।